1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ ঃ

http://rangpur.judiciary.org.bd/

নং ঃ ০২ /২০২৩ তারিখ ঃ ১০/০১/২০২৩ খ্রিঃ।

রংপুর জজশীপের অধীনস্থ নেজারত বিভাগের অবসরপ্রাপ্ত জারীকারক জনাব মোঃ আবদুস সবুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে তাহার সার্ভিস বহি, আনুষঙ্গিক কাগজপত্র এবং অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। উক্ত কর্মচারীর ই.এল.পি.সি. মোতাবেক তাহার সর্বশেষ মূল বেতন ১৯,৪১০/- টাকা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য) এবং তাহার মোট চাকুরীকাল ২৫(পঁচিশ) বৎসরের উর্দ্ধে হওয়ায় বিধি মোতাবেক তিনি মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক তাহার ১৯,৪১০/- (উনিশ হাজার চারশত দশ) টাকা মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাঁড়ায় ১৭,৪৬৯/- টাকা। তাহাকে উক্ত মোট অবসর ভাতার অর্ধাংশ ৮,৭৩৪.৫০ টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে আনুতোষিক হিসাবে (৮,৭৩৪.৫০ ×২৩০)=২০,০৮,৯৩৫/-(বিশলক্ষ আট হাজার নয়শত পঁয়ত্রিশ) টাকা এবং বাকী অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসাবে ৮,৭৩৪.৫০ (আট হাজার সাতশত চৌত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং- ০৬ (০৭)/২০২৩ তারিখ ঃ ১০/০১/২০২৩ খ্রিঃ।

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
২। বিজ্ঞ বিচারক, (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১৩ ফর্দ)।
৪। জনাব মোঃ আবদুস সবুর, অবসরপ্রাপ্ত জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

১০/০১/২৩

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।